

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রতিমন্ত্রীর দফতর  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৭-২৩ জুলাই পালিত হবে ২৭তম জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৯

**প্রধানমন্ত্রী এর উদ্বোধন এবং জাতীয় মৎস্য পুরস্কার-১৯ প্রদান করবেন**

তথ্যবিবরণীঃ

ঢাকা, ১ জুলাই, ২০১৯:

আগামী ১৭ থেকে ২৩ জুলাই দেশব্যাপী ২৭তম ‘জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৯’ পালিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৮ জুলাই সকাল ১০টায় সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন এবং মৎস্যখাতে অবদানের জন্য নির্বাচিত ১৭টি প্রতিষ্ঠান ও ব্যক্তিকে ‘জাতীয় মৎস্য পুরস্কার-২০১৯’ প্রদান করবেন। তিনি এদিন সকাল ১১টায় গণভবনে মাছের পোনাও অবমুক্ত করবেন।

সভায় জানানো হয়, সপ্তাহপালন উপলক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী ১৭ জুলাই সকাল ১১টায় মৎস্য অধিদফতরের সম্মেলনক্ষেত্র এক সংবাদসম্মেলনে বক্তৃতা করবেন। এর আগে সকাল ৮টায় প্রতিমন্ত্রীর নেতৃত্বে মৎস্যভবন থেকে বর্নাচ্য র্যালী বের করা হবে।

আজ প্রতিমন্ত্রীর দফতরে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতিসভায় এ তথ্য জানানো হয়।

সভায় সপ্তাহের বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা হয়। ঢাকার কেআইবি প্রাঙ্গণে সপ্তাহব্যাপী ‘মৎস্যমেলা’ অনুষ্ঠানের পাশাপাশি প্রতিটি জেলায় তিনদিনের মৎস্যমেলারও আয়োজন করা হবে। এছাড়া ময়মনসিংহে ৫দিনের একটি ‘প্রযুক্তিভিত্তিক মৎস্যমেলা’ অনুষ্ঠিত হবে।

সপ্তাহজুড়ে দেশব্যাপী জেলা-উপজেলার মুক্তজলাশয়, হাওড়-বাওর, খালবিল ও নদীতে ব্যাপকভাবে মৎস্য অবমুক্তির পাশাপাশি রাষ্ট্রপতি ও জাতীয় সংসদের স্পিকার কর্তৃক বঙ্গভবন ও সংসদের লেকে মাছের পোনা ছাড়া হবে। বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের পুকুর-লেকেও পোনা অবমুক্ত করা হবে। মৎস্যসপ্তাহ উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠান, জনবহুল স্থান, মাছের আড়ত প্রভৃতিতে গণসচেতনতামূলক সভা-সেমিনার ও ভিডিওচিত্রপ্রদর্শন করা হবে। শেষদিন ২৩ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহের সমাপনীতে সপ্তাহের মূল্যায়ন এবং কেন্দ্রীয় মৎস্যমেলায় অংশগ্রহণকারী সেরাপ্রতিষ্ঠানকে পুরস্কারপ্রদান করা হবে।

সভায় মন্ত্রণালয়ের সচিব রইছউল আলম মন্ডল, মৎস্য উন্নয়ন করপোরেশন (BFDC) এর চেয়ারম্যান দিলদার আহমদ, মৎস্য অধিদফতরের (DoF) ডিজি আবু সাইদ মোঃ রাশেদুল হক, মৎস্য গবেষণা ইনস্টিটিউট (BFRI) এর ডিজি ড ইয়াহিয়া মাহমুদ, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী ওয়াসি উদ্দিন, সুবোল বোস মনিসহ মৎস্যখাতের উর্ধ্বতন অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন।

(মোঃ শাহ আলম)

সিনিয়র তথ্য অফিসার (পিআরও)

প্রতিমন্ত্রীর দফতর

০১৫১১৬৭৭৬৭৮ (মোবাঃ)